

চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন  
CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION  
সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আখাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০।

প্রচার পত্র নং - ৪৬/২০১১

সকল সম্মানিত সদস্য/সদস্যগণের প্রতি,

তারিখ : ০৪/১০/২০১১খ্রিঃ।

১৯ আশ্বিন, ১৪১৮ বাংলা।

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, পরিচালক(নিরাপত্তা) এর দপ্তর নথি নং- পরিনিদ/সা/বিবিধ-৬/১/৩২০, তারিখঃ ২৮/০৯/২০১১খ্রিঃ সকল সম্মানিত সদস্য/ সদস্যবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হল।

স্বাঃ/-

এম রহমান

উপ-সচিব

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

পরিচালক(নিরাপত্তা) এর দপ্তর

নং-পরিনিদ/সা/বিবিধ-৬/১/৩২০

তারিখঃ ২৮/৯/২০১১ইং

বরাবরেঃ

- ১। সভাপতি, চট্টগ্রাম সি এন্ড এফ এজেন্টস্ এসোসিয়েশন,  
সি এন্ড এফ টাওয়ার (১২তলা), শেখ মুজিব রোড, চট্টগ্রাম।
- ২। সভাপতি, চট্টগ্রাম সি এন্ড এফ এজেন্টস্ কর্মচারী ইউনিয়ন, চট্টগ্রাম।

বিষয় : চট্টগ্রাম বন্দর সংরক্ষিত এলাকায় প্রাইম মুভার সমূহের প্রবেশ /বাহির হওয়া প্রসঙ্গে।

১। আপনাদের দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম বন্দর সংরক্ষিত এলাকার প্রবেশ গেট সমূহের অপারেশনাল কার্যক্রমের সুবিধার্থে চবক কর্তৃক নিম্নের সিদ্ধান্তগুলি গৃহীত হয়েছেঃ

- (ক) বর্তমানে ৪নং গেইট ব্যবহারকারী স্থানীয় খালী প্রাইম মুভার/ট্রেইলার সমূহ সংরক্ষিত এলাকায় প্রবেশের জন্য সকাল ০৮ঘটিকা হতে রাত ১২ ঘটিকা পর্যন্ত ৪নং গেটের পরিবর্তে ৫নং গেট ব্যবহার করবে।
- (খ) জিসিবি এলাকার স্থানীয় যাবতীয় On Chasis Delivery (ঢাকা গামী ব্যতীত) সকাল ০৮ ঘটিকা হতে রাত ১২ ঘটিকা পর্যন্ত ০৫নং গেট দিয়ে বাহিরে যাবে।
- (গ) জিসিবি এলাকায় (মূল জেট এলাকা) EPZ সমূহের সকল LCL ও FCL ডেলিভারীর সকল যানবাহন সমূহ সকাল ০৮ঘটিকা হতে রাত ১২ ঘটিকা পর্যন্ত ৫নং গেইট ব্যবহার করবে।
- (ঘ) রাত ১২ ঘটিকা হতে সকাল ০৮ ঘটিকা পর্যন্ত পূর্বের চলমান ব্যবস্থা (৫নং এর পরিবর্তে ৪নং গেট ব্যবহার) বহাল থাকবে।

২। উপরোক্ত অনুচ্ছেদ ১ এ বর্ণিত ব্যবস্থাদি আগামী ০৫/১০/২০১১ইং তারিখ হতে বলবৎ হবে। তাই সংশ্লিষ্ট সকলকে উক্ত তারিখ হতে বিষয়টি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

৩। এ বিষয়ে আপনাদের সহযোগিতা একান্তভাবে কাম্য।

স্বাঃ/-

মোঃ কামরুল ইসলাম

লেঃ কর্ণেল

পরিচালক(নিরাপত্তা)

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ।